

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : [www.wbcuta.org](http://www.wbcuta.org)

সার্কুলার- ১/২০১৮-১৯

তারিখ : ১১ - ১০ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আপনাদের সক্রিয় সহযোগিতায় আমাদের প্রিয় অধ্যাপক সমিতির ৮৩তম সম্মেলন ও ৯২তম বার্ষিক সাধারণ সভা সার্বিক সাফল্য লাভ করেছে। আপনাদের আন্তরিক অভিনন্দন জানাই।

আপনাদের অবগতির জন্য জানাই আগামী ২৩, ২৪ ও ২৫ নভেম্বর, ২০১৮ তারিখে তামিলনাড়ুর কন্যাকুমারীতে AIFUCTO-র Academic Conference অনুষ্ঠিত হবে। এই Conference -এ Registration Fee প্রত্যেকের জন্য ২৫০০ টাকা ধার্য করা হয়েছে। অধ্যাপক সমিতির পক্ষ থেকে আগামী ২৮ অক্টোবর Registration Fee অভ্যর্থনা কমিটির কাছে পাঠানো হবে। যোগদানে ইচ্ছুক সদস্যদের অধ্যাপক সমিতির অফিসে Registration Fee ও নাম জমা দিতে অনুরোধ করা হচ্ছে ও নিজ নিজ টিকিট অবিলম্বে সংগ্রহ করতে অনুরোধ করা হচ্ছে। ২৭ অক্টোবরের আগে নাম এবং টাকা জমা না দিলে আবাসনের ব্যবস্থা করা সম্ভব হবে না।

দেশজুড়ে শিক্ষাক্ষেত্রে যে আক্রমণ নেমে এসেছে তার প্রতিবাদে আগামী ২৯ নভেম্বর, ২০১৮ দিল্লীর মভলস্কর হলে বেলা ১১টা থেকে বিকাল ৩টে পর্যন্ত একটি শিক্ষা কনভেনশন অনুষ্ঠিত হবে। এই কনভেনশনে বিশিষ্ট শিক্ষাবিদ, সর্বস্তরের শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্র ও শিক্ষানুরাগী মানুষ অংশগ্রহণ করবেন। সকলের কাছে অনুরোধ এই শিক্ষক কনভেনশনে অংশগ্রহণ করুন।

ধন্যবাদ সহ

(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪